

স্মারক : মাউশি/পরি/সেসিপ/পিবিএম/১০৩/২০১৪/১৯৯

তারিখ : ১৬/০১/২০২০ খ্রি.

বিষয় : মাধ্যমিক বিদ্যালয়ে পিবিএম উপকরণসমূহের (প্রধান শিক্ষকের রেজিস্টার, শিক্ষকের ডায়েরি) Soft copy ব্যবহার করা প্রসঙ্গে

সূত্র : মাউশি/পরি/সেসিপ/পিবিএম/১০৩/২০১৪/৩০৯, তারিখ : ০৫/০১/২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক বিদ্যালয়ে ২০২০ সাল থেকে প্রধান শিক্ষকের রেজিস্টার ও শিক্ষকের ডায়েরি (পিবিএম উপকরণ) সরবরাহ করা হবে না। এর পরিবর্তে জানুয়ারি-২০২০ থেকে প্রধান শিক্ষকের রেজিস্টার ও শিক্ষকের ডায়েরির Soft copy মাউশি/সেসিপ-এর ওয়েবসাইট হতে ডাউনলোড করে মাধ্যমিক বিদ্যালয়সমূহ ব্যবহার করবে।

এ প্রেক্ষিতে পিবিএম উপকরণসমূহের Soft copy নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো :

- (১) প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান প্রধানের রেজিস্টার ও শিক্ষকগণ শিক্ষকের ডায়েরির Soft copy মাউশি/সেসিপের ওয়েবসাইট হতে ডাউনলোড ও প্রিন্ট করে ইতোপূর্বে সরবরাহকৃত হার্ডকপির ন্যায় নিয়মিত ব্যবহার ও সংরক্ষণ করবে।
- (২) শিক্ষকের ডায়েরি ডাউনলোড ও প্রিন্ট করে নিয়মিত ব্যবহার করার বিষয়টি প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবে।
- (৩) প্রতিষ্ঠান প্রধান প্রতিমাসে একবার শিক্ষকের ডায়েরিতে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী লিপিবদ্ধ পাঠ পরিকল্পনা এবং অন্যান্য তথ্যাদি (স্বল্প কৃতিধারী শিক্ষার্থীদের সহায়তা কার্যক্রম এবং পরিবীক্ষণ, বিষয়ভিত্তিক শিক্ষক সভা, অনুপস্থিত শিক্ষার্থীর সংক্ষিপ্ত রেকর্ডসমূহ) পর্যবেক্ষণ করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবে।
- (৪) মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ মাউশি/সেসিপের ওয়েবসাইট হতে প্রতিষ্ঠান প্রধানের রেজিস্টার ও শিক্ষকের ডায়েরির Soft copy ডাউনলোড ও প্রিন্ট করে বিদ্যালয়সমূহে ব্যবহারের কার্যক্রমটি তদারকি ও এর ব্যবহার নিশ্চিত করবে।

বিষয়টি অতীব জরুরি।

- সংযুক্তি: (১) প্রতিষ্ঠান প্রধানের রেজিস্টার (Soft copy)  
(২) শিক্ষকের ডায়েরি (Soft copy)

  
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৩৫৪২

বিতরণ :

১. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

[জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ তাদের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমূহকে প্রতিষ্ঠান প্রধানের রেজিস্টার ও শিক্ষকের ডায়েরির (পিবিএম উপকরণ) Soft copy ব্যবহারের বিষয়টি নির্দেশনামূলক পত্রের মাধ্যমে অবহিত করবেন]

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. যুগ্ম প্রোগ্রাম পরিচালক (সেসিপ), শিক্ষা ভবন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৪. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৫. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা [উল্লিখিত কার্যক্রমটি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ]
৬. আঞ্চলিক উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি ও সেসিপের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী
৯. সংরক্ষণ নথি